

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা
www.mopa.gov.bd

বিষয়: সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) বিষয়ে অভ্যন্তরীণ সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোঃ সহিদউল্লাহ, অতিরিক্ত সচিব (সিপিটি) ও সভাপতি সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, জনপ্রশাসন মন্ত্রণালয়।
সভার তারিখ : ২৪/০৬/২০২১
সময় : বেলা ৩.৩০ ঘটিকা।
স্থান : অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের অফিস কক্ষ (ভবন নং-৩, কক্ষ নং-১০১, দ্বিতীয় তলা), জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি কমিটির সদস্য সচিবকে সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে আলোচ্য বিষয় উপস্থাপনের অনুরোধ করেন। সদস্য-সচিব জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রায় সকল অনুবিভাগের হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার পাওয়া গেছে। সভায় সিটিজেন্স চার্টারে বর্ণিত সেবা, সেবা প্রদানের পদ্ধতি, সেবা প্রদানকারীর নাম, সেবা প্রদানের স্থান ইত্যাদি যথাযথভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে কি না সে বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়।


২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদেয় সেবার বিষয়ে আলোচনাকালে জানা যায় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগ এর আওতাধীন অধিশাখা ও শাখাসমূহ একই ভবনে অবস্থিত নয়। এসব শাখার অবস্থান ১,২,৩,৭ ও ২০ নং ভবনসহ সচিবালয়ের চত্বরের বাইরে পরিবহনপুল ভবনেও রয়েছে। অধিকাংশ সময়ে এ মন্ত্রণালয়ের সেবা গ্রহীতাগণ বিভিন্ন শাখার অবস্থান সম্পর্কে জানতে পারেন না। ফলে প্রয়োজনীয় সেবা প্রদানকারীর অবস্থান খুঁজে পেতে সেবাগ্রহীতাগণ সমস্যার সম্মুখীন হন। সে কারণে সেবার নাম, সেবা প্রদানকারী শাখা/অধিশাখা/অনুবিভাগের নাম এবং কক্ষ ও ভবনের নাম উল্লেখপূর্বক তা এমনভাবে প্রদর্শন করা প্রয়োজন যেন তা সেবাগ্রহীতার দৃষ্টিগোচর হয়। সে লক্ষ্যে তথ্যসমূহ একটি বোর্ডে পিএসিসির ভবনের বাইরের দেয়ালে প্রদর্শন, ডিজিটাল তথ্য কেন্দ্র (KIOSK) এর মাধ্যমে প্রদর্শন এবং ওয়েবসাইটের সিটিজেন চার্টার বক্সে প্রদর্শনের উদ্যোগ নেয়া যেতে পারে।

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	সেবার নাম, সেবা প্রদানকারী শাখা/অধিশাখা/অনুবিভাগের নাম এবং কক্ষ ও ভবনের নাম উল্লেখপূর্বক একটি বোর্ডে পিএসিসির ভবনের বাইরের দেয়ালে প্রদর্শন, ডিজিটাল তথ্য কেন্দ্র (KIOSK) এর মাধ্যমে এবং ওয়েবসাইটের সিটিজেন চার্টার বক্সে প্রদর্শনের উদ্যোগ নিতে হবে।	প্রশাসন-৪ শাখা

২।	সকল অনুবিভাগ হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার সমন্বিত করে ওয়েবসাইটে ব্যবহার উপযোগী অবস্থায় প্রদর্শন/আপলোড করতে হবে।	সিপি-৩ শাখা
৩।	সকল অনুবিভাগ প্রয়োজন অনুযায়ী তাদের সিটিজেন্স চার্টার হালনাগাদ করে সিপি-৩ শাখায় প্রেরণ করবে।	অনুবিভাগ প্রধান (সকল)

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ড. মোঃ সহিদউল্লাহ

অতিরিক্ত সচিব (সিপিটি)

ও

সভাপতি

সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ ও বাস্তবায়নপরিবীক্ষণ কমিটি
জনপ্রশাসন মন্ত্রণালয়।

১৬ আষাঢ় ১৪২৮

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০৬.০০৩.২০.৬৪

তারিখ:-----

৩০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) অতিরিক্ত সচিব, আইন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) অতিরিক্ত সচিব, নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) অতিরিক্ত সচিব, শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) অতিরিক্ত সচিব, বিধি অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) অতিরিক্ত সচিব, সিপিটি অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) যুগ্মসচিব, মাঠ প্রশাসন, অভ্যন্তরীণ ও নব নিয়োগ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১২) যুগ্মসচিব, সওব্য-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৩) যুগ্মসচিব, বাবাকো অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৪) যুগ্মসচিব, শৃঙ্খলা-২ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৫) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৬) যুগ্মসচিব, আইন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৭) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৮) যুগ্মসচিব, বিধি-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৯) সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২০) উপসচিব, বাজেট ও অডিট শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২১) সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

২২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কাযবিবরণীটি জনপ্রশাসন মন্ত্রণালয়ে সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) সেবা বক্সে আপলোড করার অনুরোধসহ)

(ফেরদৌসী আখতার)
উপসচিব